

# জেএসসি ও জেডিসি পরীক্ষা আজ শুরু

সংবাদ : নিজস্ব বার্তা পরিবেশক

| ঢাকা, বৃহস্পতিবার, ০১ নভেম্বর ২০১৮

অষ্টম শ্রেণীর  
জুনিয়র স্কুল  
সার্টিফিকেট  
(জেএসসি) ও  
মাদ্রাসার জুনিয়র  
দাখিল  
সার্টিফিকেট



(জেডিসি) পরীক্ষা শুরু হচ্ছে আজ। ২৬ লাখ ৭০ হাজার ৩৩৩ জন শিক্ষার্থী এ পরীক্ষায় অংশ নিচ্ছে। পরীক্ষা চলাকালে সব কোচিং সেন্টার বন্ধ রাখতে হবে। কেউ যদি পরীক্ষা চলাকালে কোচিং সেন্টার খোলা রাখে তবে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেবে শিক্ষা প্রশাসন।

দেশের ২৯ হাজার ৬৭৭টি প্রতিষ্ঠানের শিক্ষার্থী সারাদেশের দুই হাজার ৯০৩টি কেন্দ্রে জেএসসি-জেডিসি পরীক্ষায় অংশ নিচ্ছে। ১ নভেম্বর জেএসসি-জেডিসি পরীক্ষা শুরু হয়ে ১৫ নভেম্বর শেষ হবে। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ সুস্বত্বভাবে পরীক্ষা আয়োজনে শিক্ষক-অভিভাবকসহ সবার সহযোগিতা চেয়েছেন।

পরীক্ষা শুরুর ৩০ মিনিট আগে পরীক্ষার্থীদের হলে প্রবেশ করতে হবে। পরীক্ষা কেন্দ্রে আগেই একাধিক প্রশ্ন সেট পাঠানো হয়। তবে পরীক্ষা শুরুর ২৫ মিনিট আগে কেন্দ্রীয়ভাবে লটারির মাধ্যমে প্রশ্ন নির্বাচন করে প্রশ্নপত্রের খাম খোলা হবে।

এবার জেএসসি-জেডিসির ২৬ লাখ ৭০ হাজার ৩৩৩ জন পরীক্ষার্থীর মধ্যে ১৪ লাখ ৪৬ হাজার ৬০১ জন ছাত্রী এবং ১২ লাখ ২৩ হাজার ৭৩২ জন ছাত্র। ছাত্রদের চেয়ে এবার ২ লাখ ২২ হাজার ৮৬৯ জন ছাত্রী বেশি।

আট বোর্ডের অধীনে এবার জেএসসিতে ২২ লাখ ৬৭ হাজার ৩৪৩ জন এবং মাদ্রাসা বোর্ডের অধীনে জেডিসিতে ৪ লাখ ২ হাজার ৯৯০ জন পরীক্ষা দেবে।

গত বছর এই পরীক্ষায় ২৪ লাখ ৬৮ হাজার ৮২০ জন অংশ নিয়েছিল। এবার এই পরীক্ষায় পরীক্ষার্থী বেড়েছে ২ লাখ ১ হাজার ৫১৩ জন।

এবার জেএসসিতে ২ লাখ ৪৬ হাজার ৩৫৩ জন এবং জেডিসিতে ৩৪ হাজার ২৫১ জন অনিয়মিত পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নিচ্ছে। এক থেকে তিন বিষয়ে যারা অকৃতকার্য হয়েছিল তারাও এবার ওইসব বিষয়ে পরীক্ষা দেবে, এই সংখ্যা জেএসসিতে ২ লাখ ৩০ হাজার ৭৮৫ জন এবং জেডিসিতে ৩০ হাজার ৫৪৮ জন।

এবার বিদেশের নয়টি কেন্দ্রে ৫৭৮ জন জেএসসি পরীক্ষায় অংশ নিচ্ছে। সকল পরীক্ষার্থীকে নির্ধারিত সময়ের ৩০ মিনিট আগে পরীক্ষা কেন্দ্র প্রবেশ করতে হবে। এবারও বাংলা

দ্বিতীয়পত্র, ইংরোজ প্রথম ও দ্বিতীয়পত্র ছাড়া অন্য বিষয়ের পরীক্ষা সৃজনশীল প্রশ্নে হবে। পরীক্ষা চলাকালে পরীক্ষা কেন্দ্রের ২০০ মিটারের মধ্যে শিক্ষক, ছাত্র, কর্মচারীরা মোবাইল ফোন ব্যবহার করতে পারবেন না।

শ্রবণ প্রতিবন্ধীসহ অন্য প্রতিবন্ধী পরীক্ষার্থীরা এবারও অতিরিক্ত ২০ মিনিট সময় পাবে। দৃষ্টিপ্রতিবন্ধী, সেরিব্রাল পালসিজনিত প্রতিবন্ধী এবং যাদের হাত নেই তারাও শ্রুতি লেখক সঙ্গে নিয়ে পরীক্ষা দিতে পারবে। এ ছাড়া অটিস্টিক, ডাউন সিনড্রোম এবং সেরিব্রাল পলসিজনিত প্রতিবন্ধী পরীক্ষার্থীরা অতিরিক্ত ৩০ মিনিট সময় বেশি এবং শিক্ষক, অভিভাবক বা সাহায্যকারীর বিশেষ সহায়তায় পরীক্ষা দেয়া সুযোগ পাবে।